গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.১৮.০১৬৪.২০০০. ৭৮৯ - এ/ও

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
০৪ মে ২০২৬

## আদেশ

যেহেতু জনাব দিদারুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, ঈদগাঁও, কক্সবাজার সাবেক উপজেলা সমবায় অফিসার, রামগড়, খাগড়াছড়ি এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক রুজুকৃত ০৪ নং বিভাগীয় মামলার আদেশে (সমবায় অধিদপ্তরের আদেশ নং-৯০১-এ/ও, তারিখ: ০৬.০৬.২০২১) তার ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত কর্মকর্তার আপিল আবেদনের প্রেক্ষিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আদেশ নং- ৪৭.০০.০০০.০৩২.০২৭.০১০.২১-৫৮৮, তারিখ- ৩০/১২/২০২১ মূলে সমবায় অধিদপ্তরের আরোপিত দণ্ড বহাল রাখায় তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রামে এ.টি মামলা নং- ৩১/২০২২ দায়ের করেন:

যেহেতু বর্ণিত মামলায় রায় বিগত ২৭.০৫.২০২৪ তারিখ ঘোষিত হয়, যা নিম্নরূপ:

"অত্র এ.টি ৩১/২০২২ নং মামলাটি দোতরফাসূত্রে বিনা খরচে মঞ্জুর করা হল। এতদ্বারা প্রার্থীর ১টি বার্ষিক বেতনবৃদ্ধি ২ বছরের জন্য স্থগিত করে ২ নং প্রতিপক্ষের প্রচারিত গত ০৬.০৬.২০২১ তারিখের আদেশটি অকার্যকর ও বাতিল ঘোষণা করা হল।"

যেহেতু এ.টি মামলা নং- ৩১/২০২২ এর রায়ের পরিপ্রেক্ষিতে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৮৯-এ/ও, তারিখ: ১২/০৩/২০২৫ মূলে মতামত প্রেরণের জন্য প্যানেল আইনজীবীকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে বিগত ২৮.০৪.২০২৫ তারিখ সমবায় অধিদপ্তরের প্যানেল আইনজীবী হাফিজুর রহমান নেহাল জানান যে, যেহেতু ইতোমধ্যে উক্ত রায়ের বিরুদ্ধে আপিল করার সময় সীমা ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়েছে সেহেতু এ বিষয়ে আপিল করার কোন সুযোগ নাই। পরবর্তীতে এ বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরণের জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৯০৫-এ/ও, তারিখ: ০২.০৬.২০২৫ মূলে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৪.০৪.০০৪.২০-৮, তারিখ: ১২.০১.২০২৬ মূলে জনাব দিদারুল ইসলাম কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, চট্টগ্রাম এ দায়েরকৃত এ.টি মামলা নং- ৩১/২০২২ এর বিগত ২৭.০৫.২০২৪ তারিখের রায় বাস্তবায়ন সংক্রান্ত আদেশের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেছেন;

সেহেতু জনাব দিদারুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, ঈদগাঁও, কক্সবাজার এর উপর সমবায় অধিদপ্তরের আদেশ নং- ৯০১-এ/ও, তারিখ: ০৬.০৬.২০২১ মূলে আরোপিত বিভাগীয় শাস্তির আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং বিধি মোতাবেক তিনি বকেয়া বেতনভাতাদিসহ যাবতীয় সুবিধাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মোঃ সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৪৮১১৯৩০৫

F:\মামলা\অব্যাহতি.docx

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.১৮.০১৬৪.২০০০. ৭৮২/১(৮)-৬/৩ তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
০৪ মে ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম।
২। জেলা সমবায় কর্মকর্তা, কক্সবাজার।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার, সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার।
৬। উপজেলা সমবায় অফিসার, ঈদগাঁও, কক্সবাজার।
৭। জনাব দিদারুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, ঈদগাঁও, কক্সবাজার।
৮। সংশ্লিষ্ট নথি।

04/05/2026

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

F:\মামলা\অব্যাহতি.docx